ISO 9001:2015 Certified

# পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১
## চাটমোহর, পাবনা।

ফোন-অফিস - ০২-৫৮৮৪৮৫০১
অভিযোগ কেন্দ্র - ০২-৫৮৮৪৮৩৩৬
ই-মেইল ঠিকানা - pbs1pabna@gmail.com
ওয়েব সাইট - www.pbs1.pabna.gov.bd

স্মারক নং-২৭.১২.৭৬২২.৫০৭.০১.০০৮.২৫.৬০৫৭

তারিখঃ ১৪ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাঃ
২৮ মে, ২০২৫ খ্রিঃ

# নিলাম বিজ্ঞপ্তি

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর পরিচালন ও রক্ষণাবেক্ষণ ষ্টোরে রক্ষিত অকেজো ও ব্যবহার অযোগ্য কনডেম ঘোষিত বিভিন্ন মালামাল, **"যেখানে যে অবস্থায় আছে"** ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে বাংলাদেশের আগ্রহী ব্যক্তি/দরদাতা প্রতিষ্ঠানের নিকট হতে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত নাম, ঠিকানা, স্বাক্ষরসহ সীলগালাযুক্ত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | মালামালের বিবরণ | পরিমাণ | দরপত্র দলিলের মূল্য (টাকা) | আর্নেস্ট মানির পরিমাণ (টাকা) | দরপত্র দলিল বিক্রয়ের সময়সূচী | দরপত্র গ্রহণের সময়সূচী | দরপত্র খোলার সময়সূচী |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | বিনষ্ট বিভিন্ন হার্ডওয়্যার, ট্রান্সফরমার খালী ট্যাংকী, সিটি,পিটি, গাইওয়্যার, টুলস ও অন্যান্য (লৌহ ও স্টিল জাতীয়) | ১১,১৬৩ কেজি | ১,০০০.০০ | দাখিলকৃত মূল্যের ২৫% | ২৯-০৫-২০২৫ খ্রিঃ বৃহস্পতিবার হতে ২২-০৬-২০২৫ খ্রিঃ রবিবার অফিস চলাকালীন সময় পর্যন্ত | ২৩-০৬-২০২৫ খ্রিঃ সোমবার বেলা ১১:০০ ঘটিকা (BST) পর্যন্ত | ২৩-০৬-২০২৫ খ্রিঃ সোমবার বেলা ১১:০৫ ঘটিকায় (BST) |
| | বিনষ্ট পিডিবি স্টিল পোল (লৌহ জাতীয়) | ১২,৭৫৫ কেজি | | | | | |
| | বিনষ্ট ট্রান্সফরমার কোর (টিন জাতীয়) | ৩,১৫১ কেজি | | | | | |

**শর্তাবলীঃ**

০১। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের স্মারক নং-২৭.১২.০০০.০১৭.৩৩.৬৩৩.২৫.১৫৮৯, তারিখ- ১৯ মার্চ, ২০২৫ খ্রিষ্টাব্দে জারীকৃত সার্কুলারের নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করতঃ পাবনা পবিস-১ এর কনডেম ঘোষিত বর্ণিত হার্ডওয়্যার মালামালের নিলাম দরপত্র প্রস্তুত পূর্বক জারি করা হয়েছে।

০২। আগ্রহী দরদাতাগণ যে কোন তফসিলী ব্যাংক হতে পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, চাটমোহর, পাবনা এর অনুকূলে নির্ধারিত পরিমাণ অর্থ (অফেরৎযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্তকরতঃ সাদা কাগজে/নির্দিষ্ট লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১, চাটমোহর, পাবনা এবং পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পশ্চিম অঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ হতে দরপত্র দলিল আগামী ২২/০৬/২০২৫ খ্রিঃ তারিখ রোজ রবিবার পর্যন্ত সংগ্রহ করতে পারবেন। আগামী ২৩/০৬/২০২৫ খ্রিঃ তারিখ রোজ সোমবার বেলা ১১:০০ ঘটিকার মধ্যে সীলমোহরকৃত নিলাম দরপত্র **পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পশ্চিম অঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা- ১২২৯ এবং পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১, চাটমোহর, পাবনা এ রক্ষিত টেন্ডার বাক্সে নিলাম দরপত্র দাখিল করতে পারবেন।** নির্ধারিত সময়ের পরে এবং ডাক ও কুরিয়ার যোগে কোন নিলাম দরপত্র গ্রহণ করা হবে না।

০৩। দরপত্র বিজ্ঞপ্তির বিস্তারিত বিবরণ পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ওয়েব সাইট www.pbs1.pabna.gov.bd থেকে ডাউনলোড করে বিস্তারিত জানা যাবে । এছাড়াও আগ্রহী দরদাতাগণ অফিস সময়ে নিম্নোক্ত ঠিকানা হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন এবং নিলাম দরপত্র দলিল ক্রয় করতে পারবেন।

০৪। দাখিলকৃত নিলাম দরপত্র আগামী **২৩/০৬/২০২৫ খ্রিঃ রোজ সোমবার বেলা ১১:০৫ ঘটিকার** সময় **পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পশ্চিম অঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা- ১২২৯ এবং পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১, চাটমোহর, পাবনা** এ উপস্থিত নিলাম দরদাতা/মনোনীত প্রতিনিধির সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৫। নিলাম দরপত্রে অংশ গ্রহনকারী দরদাতাগনের দরপত্র মূল্যায়নে সর্বোচ্চ দর দাখিলকারী ব্যক্তি/ প্রতিষ্ঠানের নিলাম মূল্য যদি পবিসের কনডেমনেশন কমিটি কর্তৃক ধার্যকৃত সর্বনিম্ন নিলাম মূল্য অপেক্ষা কম হয় সেক্ষেত্রে পবিস কর্তৃপক্ষ বর্নিত প্যাকেজের নিলামটি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

০৬। নিলামে উদ্ধৃত দরের ২৫%(পঁচিশ শতাংশ) অর্থ আর্নেষ্ট মানি (নিরাপত্তা জামানত) হিসাবে পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে বাংলাদেশের যে কোন তফসীলি ব্যাংক হতে **MICR ব্যাংক ড্রাফট/পে অর্ডার আকারে** নিলাম দরপত্রের সাথে জমা দিতে হবে (যা সর্বোচ্চ দরদাতা না হলে অর্থাৎ বিক্রয়াদেশ প্রাপ্য না হলে ফেরতযোগ্য)। আর্নেষ্ট মানি (নিরাপত্তা জামানত) ব্যতিত কোনক্রমেই নিলাম দরপত্র গ্রহণ অথবা বিবেচনা করা হবে না।

(অঃপৃঃদ্রঃ)

০৭। **যেভাবেই দরপত্র দাখিল করা হোক না কেন সর্বোচ বৈধ দর প্রস্তাবকারীকে সর্বোচ দরদাতা হিসাবে গণ্য করা হবে। পরবর্তীতে সর্বোচ বৈধ দর প্রস্তাবকারীকে নিয়মানুযায়ী বিক্রয়াদেশ প্রদান করা হবে।**

০৮। উদ্ধৃত নিলাম দরপত্রে কোনরুপ কাটাকাটি/ঘষামাজা/ফ্লুইডিং গ্রহণযোগ্য হবে না। উদ্ধৃত নিলাম দর অংকে ও কথায় উল্লেখ করতে হবে। নিলাম দরপত্রের খামের উপরে স্পষ্টাক্ষরে সমিতির নাম, নিলাম প্যাকেজ নম্বর আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে।

০৯। দরপত্র প্রকাশের তারিখ হতে দরপত্র জমাদানের পূর্বদিন অর্থাৎ **২২/০৬/২০২৫ খ্রিঃ তারিখ** পর্যন্ত অফিস চলাকালীন সময়ে (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতিত) পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ষ্টোরে রক্ষিত নিলামে বিক্রয়যোগ্য কনডেম ঘোষিত মালামাল সমূহ পরিদর্শন করা যাবে।

১০। প্রাপ্ত নিলাম দরপত্র সমূহ নিলাম দরপত্র মূল্যায়ন কমিটির মাধ্যমে মূল্যায়ন করে ১ম সর্বোচ্চ বৈধ নিলাম দরদাতার আর্নেষ্টমানি (নিরাপত্তা জামানত) নগদায়ন করা হবে। আর্নেষ্টমানি (নিরাপত্তা জামানত) নগদায়ন হওয়া সাপেক্ষে ১ম সর্বোচ্চ বৈধ নিলাম দরদাতাকে নিলামে বিক্রয়যোগ্য মালামালের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর শতাংশ) মূল্য সহ উদ্ধৃত মোট নিলাম মূল্যের উপর সর্বশেষ সরকার নির্ধারিত ভ্যাট ও উৎসে কর বাবদ অবশিষ্ট অর্থ পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে বাংলাদেশের যে কোন তফসীলি ব্যাংক হতে ইস্যুকৃত MICR ব্যাংক ড্রাফট/পে অর্ডার আকারে পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ক্যাশ শাখায় ১৫ (পনের) দিনের মধ্যে জমা দিতে হবে। মোট নিলাম মূল্যসহ ভ্যাট ও উৎস কর বাবদ নির্ধারিত অর্থ পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে পরিশোধের বিষয়টি নিশ্চিত হওয়া সাপেক্ষে বিক্রয়াদেশ বর্ণিত সময় সীমার মধ্যেই নিলামে বিক্রয়কৃত সমুদয় মালামাল পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর হতে গ্রহণ করতে হবে।

১১। দর দাখিলের ক্ষেত্রে একক মূল্যের সাথে মোট মূল্যের গাণিতিক পার্থক্য পরিলক্ষিত হলে দাখিলকৃত একক মূল্য বিবেচনায় দর মূল্যায়ন করা হবে।

১২। বিক্রয়াদেশ প্রদানের পর সর্বোচ্চ নিলাম দরদাতা কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে অবশিষ্ট নিলাম মূল্য (সরকার নির্ধারিত ভ্যাট ও উৎসে কর সহ) পরিশোধে ব্যর্থ হলে উক্ত দরদাতার দাখিলকৃত আর্নেষ্ট মানি বাজেয়াপ্ত করে পরবর্তীতে ক্রমানুযায়ী সর্বোচ্চ বৈধ নিলাম দরদাতার অনুকূলে নিলাম দরপত্র বিজ্ঞপ্তিতে বর্ণিত মালামাল হস্তান্তরের প্রক্রিয়া শুরু করা হবে।

১৩। নিলামে বিক্রয়যোগ্য মালামাল হস্তান্তরের সময় মালামালের পরিমাণ কম বা বেশি হতে পারে।

১৪। পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃপক্ষ কোনরুপ কারণ দর্শানো ছাড়াই যে কোন অথবা সকল নিলাম দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫। নির্ধারিত সময়ের মধ্যে নিলামে বিক্রয়কৃত মালামাল সর্বোচ্চ নিলাম দরদাতা কর্তৃক গ্রহণ না করার কারণে মালামালের কোন ক্ষতি হলে পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃপক্ষ এর দায় গ্রহণ করবে না।

১৬। শর্তাবলীতে উল্লেখ নেই এমন কোন বিষয় নিষ্পত্তির ক্ষেত্রে বাপবিবোর্ড/ পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

28/05/25

(মোঃ আব্দুল্লাহ আল আমিন চৌধুরী)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)

**অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)- সদয় অবগতির জন্য।**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ পরিদপ্তর (পশ্চিম অঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবোর্ডের নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধ সহ)
০৪। জেলা প্রশাসক, পাবনা।
০৫। পুলিশ সুপার, পাবনা।
০৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাজশাহী জোন, বাপবিবো, রাজশাহী।
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার....................পল্লী বিদ্যুৎ সমিতি-১/২/৩/৪।
০৮। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, পাবনা।
০৯। ডিজিএম (কারিগরী)/দাশুড়িয়া/আটঘরিয়া/ভাংগুড়া জোনাল অফিস, পাবনা পবিস-১।
১০। এজিএম (ওএন্ডএম), ফরিদপুর সাব-জোনাল অফিস, পাবনা পবিস-১।
১১। এজিএম (প্রশাসন/অর্থ-হিসাব/মানব-সম্পদ/ইএন্ডসি/ওএন্ডএম/সদস্য সেবা/অর্থ-রাজস্ব), পাবনা পবিস-১।
১২। এজিএম (আইটি), পাবনা পবিস-১ (পবিসের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা নিবেন)।
১৩। নোটিশ বোর্ড....................................পাবনা পবিস-১।
১৪। অফিস/মাষ্টার কপি।

28/05/25

(মোঃ আব্দুল্লাহ আল আমিন চৌধুরী)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)